



# দুর্নীতি দমন কমিশন

ঢাকা, বাংলাদেশ

“সবাই মিলে গড়ব দেশ,  
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”

স্মারক নং- দুদক/প্রতিরোধ/গণশুনানি/১৫/১৪(অংশ-৫)/১২৪৫১(১৪)

তারিখ: ০৯/০৪/২০১৮ খ্রি.

বিষয়: আগামী ৩০ এপ্রিল, ২০১৮ সোমবার আইডিইবি মিলনায়তনে বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)- এর কার্যক্রমের উপর ফলোআপ গণশুনানি অনুষ্ঠান আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তোলা এবং দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করা দুর্নীতি দমন কমিশনের অন্যতম একটি দায়িত্ব। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর কার্যক্রমের উপর সেবা সম্পর্কিত বিষয়ে গত ০৯ মে, ২০১৬ সোমবার ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিবি)- এর মুক্তিযোদ্ধা মিলনায়তনে গণশুনানির আয়োজন করা হয়েছিল। উক্ত গণশুনানি অনুষ্ঠানে প্রাপ্ত অভিযোগসমূহের উপর আগামী ৩০ এপ্রিল, ২০১৮ সোমবার (বেলা ১০.০০-১৪.০০ ঘটিকা) ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিবি)- এর মুক্তিযোদ্ধা মিলনায়তনে বিশ্ব ব্যাংকের আর্থিক সহায়তায় বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর পরিসেবা কার্যক্রমের উপর ফলোআপ গণশুনানি অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত ফলোআপ গণশুনানি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ড. নাসিরউদ্দীন আহমেদ, মাননীয় কমিশনার (অনুসন্ধান), দুর্নীতি দমন কমিশন উপস্থিত থাকবেন।

০২। এমতাবস্থায়, আগামী ৩০ এপ্রিল, ২০১৮ সোমবার সকাল ১০.০০ ঘটিকায় ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিবি)- এর মুক্তিযোদ্ধা মিলনায়তনে ফলোআপ গণশুনানি অনুষ্ঠানে বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)- এর (ক) বিআরটিএ মেট্রো সার্কেল (উত্তর), সেকশন- ১৩, মিরপুর, ঢাকা, (খ) বিআরটিএ মেট্রো সার্কেল (দক্ষিণ), ইকুরিয়া, ঢাকা ও (গ) বিআরটিএ মেট্রো সার্কেল- ৩, দিয়াবাড়ি, তুরাগ, উত্তরা, ঢাকা- এর যথাযথ কর্তৃপক্ষকে তথ্য উপাত্তসহ উপস্থিতির নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৯-০৪-২০১৮

(মোঃ মনিরুজ্জামান)

পরিচালক

(প্রতিরোধ ও গণসচেতনতা)

ফোন: ৯৩৬২৪৩৭

চেয়ারম্যান

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)

সদর কার্যালয়, পুরাতন বিমান বন্দর সড়ক

এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা- ১২১৫।

অনুলিপি:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, ঢাকা (প্রচারণাসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
২. উপ প্রকল্প সমন্বয়ক, এসআইআরএমপিআরঃ ভিআইডি (ভ্যাট অনলাইন প্রজেক্ট), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বিশ্ব ব্যাংক অনুবিভাগ, অর্থ মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট (আইসিটি), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (গণমাধ্যমকে অবহিতকরণের অনুরোধসহ)।
৫. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১ (প্রচারণাসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
৬. চেয়ারম্যান- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৭. কমিশনার অনুসন্ধান/তদন্ত - এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার অনুসন্ধান/তদন্ত মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৮. সচিব- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৯. সহকারী পরিচালক, বিআরটিএ মেট্রো সার্কেল (উত্তর), সেকশন- ১৩, মিরপুর, ঢাকা।
১০. সহকারী পরিচালক, বিআরটিএ মেট্রো সার্কেল (দক্ষিণ), ইকুরিয়া, ঢাকা।
১১. সহকারী পরিচালক, বিআরটিএ মেট্রো সার্কেল- ৩, দিয়াবাড়ি, তুরাগ, উত্তরা, ঢাকা।

E:\table.U...PUBLIC Hearing\D.O public hearing.docx